# স্কুল-কলেজে জাতীয় শোক দিবস পালনের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক**

আগামী ১৫ আগস্ট সব শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস পালনের নির্দেশ দেওয়া হয়েছে। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে এ নির্দেশনা দেওয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ওয়েবসাইটে এই নির্দেশনা জারি করা হয়।

এর আগে গত ২৫ জুলাই শিক্ষা মন্ত্রণালয় জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের শহীদদের প্রতি সম্মান জানাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দৃশ্যমান স্থানে ১ আগস্ট থেকে ড্রপডাউন ব্যানার টানানোর নির্দেশ দিয়েছিল।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার টানানোর নির্দেশনা দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। এসব ব্যানারে জাতির পিতা ও ১৫ আগস্টের শহীদদের ছাড়া অন্য কোনো ছবি ব্যবহার করা যাবে না।